# Times Today BD

শাহজাহান আলী বিপাশ | দেশজুড়ে | 28 June, 2025

ঝিনাইদহের কালীগঞ্জে জেলা প্রশাসনের নেতৃত্বে ভোক্তা অধিকার ও বিজিবি'র যৌথ অভিযানে প্রায় ৬৫ লাখ টাকার বিপুল পরিমাণ অবৈধ কারেন্ট জাল উদ্ধার এবং ৪৪ হাআর টাকা জরিমানা করেছে।এসময় অবৈধ জাল সংরক্ষণ ও বিক্রয়ের জন্য বিভিন্ন ধারায় সাত ব্যবসা প্রতিষ্ঠানের বিরুদ্ধে ১১টি মামলা দায়ের করা হয়।অভিযান পরিচালনা করেন ঝিনাইদহ জেলা প্রসাশকের কার্যালয়ের নির্বাহী ম্যাজিস্ট্রেট তানভির ইসলাম সাগর।এসময় সাথে ছিলেন, জেলা ভোক্তা অধিকারের সহকারী পরিচালক নিশাত মেহের, মহেশপুর ব্যাটালিয়নের (৫৮ বিজিবি) সহকারী পরিচালক মুন্সি ইমদাদুর রহমান ও উপজেলা মৎস কর্মকর্তা।উদ্ধারের পর বিপুল পরিমাণ এসব জাল জনসম্মুখে আগুন ধরিয়ে পুড়িয়ে দেওয়া হয়।

ঝিনাইদহ জেলা প্রসাশকের কার্যালয়ের নির্বাহী ম্যাজিস্ট্রেট তানভির ইসলাম সাগর জানান, অভিযানে ভোক্তা অধিদপ্তর সাত ব্যবসা প্রতিষ্ঠানের বিরুদ্ধে সাতটি মামলা ও ২৮ হাজার টাকা জরিমানা করে।এছাড়া মৎস আইনে চারটি মামলা দায়েরসহ ১৬ হাজার টাকা জরিমানা করা হয়।অভিযানে ১ হাজার ৭৫৫ কেজি অবৈধ চায়না জাল উদ্ধার করা হয়।যার আনুমানিক বাজার মূল্য ৬৪ লাখ ৯৫ হাজার টাকা।কিছু অসধিু ব্যবসায়ী এসব জাল সংরক্ষণ ও বিক্রয় করে অবাধে জলজ রেনু পোনাসহ দেশীয় মাছ এবং সাপ ব্যাংক হত্যা করে প্রাকৃতিক পরিবেশ ধ্বংস করছে।এরকম অভিযোগে পেয়ে আমরা অভিযান পরিচালনা করেছি।সামনের দিনগুলোতেও অভিযান অব্যহত থাকবে যোগ করেন এ বিচারক।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 01:50

URL: https://www.timestodaybd.com/across-the-country/6266693874